# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

# Bengali Text Bulletin

**Date 09-02-2026 Time: 7.50 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে এস আই আর প্রক্রিয়া কোনভাবে ব্যাহত করা যাবে না বলে সুপ্রিম কোর্ট আজ স্পষ্ট জানিয়েছে।

SIR প্রক্রিয়ার বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলায় প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ জানিয়েছে, পদ্ধতিগত বিষয়ে যে কোন নির্দেশের প্রয়োজন হলে আদালত তার ব্যবস্থা করবে।

২) SIR প্রক্রিয়ায় চলতি শুনানি পর্বে নথি যাচাই বা স্ক্রুটিনির সয়মসীমা আরও এক সপ্তাহ বাড়ানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনে স্বচ্ছতা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে নির্বাচন কমিশন গণনা প্রক্রিয়া শুধুমাত্র জেলাশাসকের দফতরগুলিতে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শিক্ষা শুধুমাত্র ব্যক্তির বিকাশের জন্যই নয়, সামাজিক জীবনের অগ্রগতির জন্যও সমানভাবে প্রয়োজনীয়।

৫) বাংলা, রঞ্জি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে ওঠা নিশ্চিত করেছে।

oooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর প্রক্রিয়া কোনভাবে ব্যাহত করা যাবে না বলে সুপ্রিম কোর্ট আজ স্পষ্ট জানিয়েছে। SIR প্রক্রিয়ার বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলায় প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চুলির বেঞ্চ জানিয়েছে, পদ্ধতিগত বিষয়ে যে কোন নির্দেশের প্রয়োজন হলে আদালত তার ব্যবস্থা করবে। কিন্তু SIR প্রক্রিয়ায় কোনরকম প্রতিবন্ধকতা বরদাস্ত করা হবে না। রাজ্যের শাসক দলের কাছে সুপ্রিম কোর্টের আজকের এই নির্দেশ বড় ধাক্কা বলে রাজৈতিক মহল মনে করছে।

এদিকে, SIR প্রক্রিয়ায় চলতি শুনানি পর্বে নথি যাচাই বা স্ক্রুটিনির সয়মসীমা আরও এক সপ্তাহ বাড়ানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। আগামীকাল বিকেল পাঁচটার মধ্যে রাজ্যকে ৮ হাজার পাঁচশো পাঁচজন গ্রুপ-বি আধিকারিকের নাম ERO-দের কাছে পাঠিয়ে দিতে হবে। সেই তালিকা থেকে নির্বাচন কমিশন যাদের কাজে লাগানো প্রয়োজন তাদের মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগ করতে পারবে। এই আধিকারিকরা লজিক্যাল ডিসক্রেপেনসি সংশোধনের কাজে ERO এবং AERO-কে সাহায্য করবে বলে শীর্ষ আদালত জানিয়েছে।

গত ১৯-শে জানুয়ারী এস আই আর-এর জন্য যে সব নথি গ্রহণযোগ্য বলে আদালত উল্লেখ করেছিল, তা শুনানির সময় গ্রহণ করতে হবে। এক্ষেত্রে মাধ্যমিকের সার্টিফিকেট এবং অ্যাডমিট কার্ড প্রামান্য নথি হিসেবে দাখিল করা যাবে। তবে, সেক্ষেত্রে কোন একটি আলাদাভাবে জমা দিলে হবে না। সার্টিফিকেট ও অ্যাডমিট কার্ড এক সঙ্গে জমা দিলে তবেই তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। একই সঙ্গে আধার এবং অন্যান্য নথিও গ্রহণ করা যাবে বলে শীর্ষ আদালত আজ আবারও জানিয়েছে।

পাশাপাশি ইআরও যাতে সম্পূর্ণ নিরপেক্ষভাবে কাজ করে সেদিকে নজর রাখতে বলা হয়েছে। নির্বাচন কমিশনের অভিযোগ, এস আই আর প্রক্রিয়া চলকালীন কোন অপরাধমূলক ঘটনা ঘটলে তার এফ আই আর করার আর্জি জানানো হলেও তা কার্যকর হচ্ছে না। এর প্রেক্ষিতে রাজ্য পুলিশের মহা নির্দেশকের ব্যক্তিগত হলফনামা তলব করেছে সর্বোচ্চ আদালত।

oooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের আজকের রায়ের পর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সীমা আরও পিছোতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি জানান, সুপ্রিম কোর্টের নির্দেশ মত এস আই আর এর তথ্য যাচাইয়ের কাজ আরো সাত দিন

বাড়ানো হলে ২১ ফেব্রুয়ারির আগে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে, জমা পড়া নথির তথ্য যাচাইয়ের পাশাপাশি শুনানি প্রক্রিয়া চালিয়ে যাওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় এখনও পর্যন্ত ১ কোটি ৩৯ লক্ষ ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে । নথি আপলোডের সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ৬ লক্ষ। বাকি কাজ দ্রুত শেষ করার চেষ্টা চলছে বলে তিনি জানান।

অন্যদিকে, সুপ্রিম কোর্টে রাজ্য সরকারের জমা দেওয়ার তালিকা অনুযায়ী ৮ হাজার ৫ শো ৫ জন গ্রুপ-বি আধিকারিককে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করে চূড়ান্ত ভোটার তালিকা যাচাইয়ের কাজে নিযুক্ত করা হবে। সমগ্র প্রক্রিয়া শেষ করে ২৮ ফেব্রুয়ারির মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশ করা কমিশনের লক্ষ্য বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

আজকের রায়ের প্রসঙ্গে রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিত সরকার বলেছেন, এই মামমার পিছনে ইতিমধ্যেই ২০ কোটি টাকার বেশী খরচ করেছে সরকার। তারপরও যেভাবে এস আই আর বন্ধ হবে না বলে যে নির্দেশ শীর্ষ আদালত দিয়েছে তা তৃণমূল কংগ্রেসের কাছে এক বড় ধাক্কা।

(বাইট- দেবজিত)

oooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে স্বচ্ছতা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে নির্বাচন কমিশন গণনা প্রক্রিয়া শুধুমাত্র জেলাশাসকের দফতরগুলিতে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। সংশ্লিষ্ট জেলাশাসকের কার্যালয়ে পর্যাপ্ত জায়গা না থাকলে বিকল্প হিসেবে এসডিও দপ্তরে গণনার ব্যবস্থা করা হবে।

প্রাথমিকভাবে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে ১৫০টি গণনা কেন্দ্রের তালিকা নির্বাচন কমিশনের কাছে পাঠানো হয়েছিল। তবে সেই প্রস্তাব খারিজ করে কমিশন নতুন করে কেন্দ্র নির্ধারণ করেছে। আপাতত ১১৪টি গণনা কেন্দ্র চূড়ান্ত করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে ভোট সংক্রান্ত দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের বদলি প্রক্রিয়া দ্রুত শেষ করার নির্দেশ দিল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। স্বরাষ্ট্র দপ্তরকে আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে এই প্রক্রিয়া সম্পূর্ণ করে তার রিপোর্ট পাঠাতে বলা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে স্বরাষ্ট্র সচিবকে পাঠানো চিঠিতে বলা হয়েছে, নির্বাচনকে সামনে রেখে সরাসরি নির্বাচনী কাজে যুক্ত পুলিশকর্মীদের বদলি দ্রুত শেষ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শিক্ষা শুধুমাত্র ব্যক্তির বিকাশের জন্যই নয়, সামাজিক জীবনের অগ্রগতির জন্যও সমানভাবে প্রয়োজনীয়।

তিনি আজ ‘পরীক্ষা পে চর্চা’র নবম সংস্করণ ২০২৬-এর দ্বিতীয় পর্বে দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন।

প্রধানমন্ত্রী ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনে খেলাধুলাকে আবশ্যিক করার পরামর্শ দেন। পরীক্ষার্থীদের তিনি শান্ত ও স্থির থাকার পরামর্শ দিয়ে বলেন, প্রত্যহ তাঁরা যেন অন্তত একবার, প্রাণায়াম অভ্যাস করেন।

‘ভোকাল ফর লোকাল’-র উদ্যোগের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে তৈরী পণ্য, অভ্যন্তরীণ অর্থনীতিকে মজবুত করছে।

( বাইট- PM/ ভোকাল ফর লোকাল )

শ্রী মোদী বলেন, নাগরিকদের প্রতিটি ক্ষুদ্র পদক্ষেপ, ২০৪৭-এ বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।

এরাজ্যের বিভিন্ন স্কুলেও আজ অনুষ্ঠানটি দেখানো হয়। পিএম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় নম্বর ওয়ান, সল্টলেক স্কুলের ছাত্রী স্বস্তিকা ব্যানার্জী অনুষ্ঠান দেখে বলেন, প্রধানমন্ত্রী যেভাবে পড়াশোনা ও নিজের ইচ্ছার মধ্যে ভারসাম্য রাখতে বলেছেন, তা অত্যন্ত অনুপ্রেরণাদায়ক।

(বাইট – স্বস্তিকা)

ooooooooooooooooooooooooo

উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টার শুরু হতে চলেছে আগামী 12 ই ফেব্রুয়ারি থেকে। চতুর্থ সেমিস্টার ছাড়াও তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক শুরু হবে ওই দিন থেকেই। মোট পরীক্ষার্থীর সংখ্যা সাত লক্ষের বেশি। ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা এবার বেশি। চতুর্থ সেমিস্টারের পরীক্ষা শুরু হবে সকাল ১০ টায়। চলবে বেলা বারোটা পর্যন্ত। বৃত্তিমূলক বিষয়ের পরীক্ষা চলবে সকাল ১০ টা থেকে ১১টা ১৫ পর্যন্ত। তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি পরীক্ষা চলবে দুপুরে একটা থেকে দুটো ১৫ পর্যন্ত এবং পুরনো পদ্ধতির উচ্চ মাধ্যমিক চলবে সকাল দশটা থেকে একটা পনেরো পর্যন্ত।

বিদ্যাসাগর ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, এবার ১০৪ টি পরীক্ষা কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে।

(বাইট – চিরঞ্জীব ভট্টাচার্য)

পরীক্ষার্থীদের সকাল ন'টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে হবে। পরীক্ষা কেন্দ্রে ঢোকার সময় মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চালানো হবে। মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ সহ কোনরকম বৈদ্যুতিন সামগ্রিক নিয়ে পরীক্ষার্থীদের ঢুকতে দেওয়া হবে না । পরীক্ষা চলাকালীন এই ধরনের জিনিস নিয়ে কোনো পরীক্ষার্থী ধরা পড়লে তার  সব পরীক্ষা বাতিল করা হবে বলেপ স্পষ্ট জানান তিনি।

ooooooooooooooooooooooooo

পুরুলিয়ার বাগমুন্ডি ব্লকে সুইসার মারচা  সংলগ্ন জঙ্গল এলাকায় দাঁতাল হাতির আক্রমণে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। ৭৬ বছর বয়সী গুরুচরণ সিং মুড়া আজ তাঁর গৃহপালিত গোবাদি পশুকে নিয়ে জঙ্গল এলাকা দিয়ে বাড়ি ফিরছিলেন, সে সময় আচমকাই একটি বুনো হাতি তার ওপর হামলা করে।  চেষ্টা করেও কোনভাবে পালাতে পারেননি তিনি। হাতিটি তাকে শুঁড়ে পেঁচিয়ে আছড়ে মারে।  ঘটনায় বন দফতরের ভূমিকা নিয়ে ক্ষোভ ব্যক্ত করেছেন স্থানীয় বাসিন্দারা।

ooooooooooooooooooooooooo

কল্যাণীতে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে সেমিফাইনালে ওঠা নিশ্চিত করেছে। আজ চতুর্থ দিনে বাংলার প্রথম ইনিংস ৬২৯ রানে শেষ হয়ে যায়। মাত্র ১ রানের জন্য সুদীপ ঘরামী ত্রিশত রান থেকে বঞ্চিত হন। সুদীপ ২৯৯ রানে আউট হয়ে যান। হাবিব গান্ধী ৯৫ রান করেছেন। দিনের শেষে অন্ধ্রপ্রদেশ তাদের দ্বিতীয় ইনিংসে ৩ উইকেটে ৬৪ রান করেছে। অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে করেছিল ২৯৫ রান।

ooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo